

# শিক্ষার্থীদের 'আপনি' সম্বোধন করার নির্দেশ

রাবি প্রতিনিধি

১১ সেপ্টেম্বর ২০২৪, ০৭:৫২ পিএম



নতুন ধারার দৈনিক

## আমাদের সময়



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল। ছবি: সংগৃহীত

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের কর্মকর্তা, সহায়ক ও সাধারণ কর্মচারীদেরকে শিক্ষার্থীদের সঙ্গে 'আপনি' সম্বোধন করে কথা বলার আহ্বান জানিয়ে বিজ্ঞপ্তি দিয়েছে হল প্রশাসন। আজ বুধবার সকালে প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জামিরুল ইসলাম বিজ্ঞপ্তি জারির বিষয়টি নিশ্চিত করেছেন।

অধ্যাপক জামিরুল বলেন, 'শিক্ষার্থীরা তাদের অভিজ্ঞতা থেকে আমাদেরকে পরামর্শ দিয়েছিলেন। সেখান থেকেই আমরা এই উদ্যোগ গ্রহণ করেছি। আশা করছি, এর মাধ্যমে শিক্ষার্থী ও কর্মচারী-কর্মকর্তাদের মধ্যে সম্পর্ক ভালো থাকবে। আমরা যদি শিক্ষার্থীদের ভালো ব্যবহার উপহার দিতে পারি, তাহলে তারাও তাই করবে। আশা করছি, শুধু বঙ্গবন্ধু হল নয়, আরও যে হলগুলো আছে, সেখানেও এই কালচার শুরু হবে। রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ দেশের প্রতিটি বিশ্ববিদ্যালয়ে এই কালচার ছড়িয়ে পড়ুক।'

সোমবার জারিকৃত ওই বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের কর্মকর্তা, সহায়ক ও সাধারণ কর্মচারীদেরকে শিক্ষার্থীদের সঙ্গে তুমি সম্বোধনের পরিবর্তে আপনি সম্বোধন করে কথা বলতে আহ্বান জানানো হলো। মনে রাখতে হবে, বর্তমান প্রজন্মের ছাত্ররাই আগামী দিনের পথপ্রদর্শক এবং এই ছাত্র-জনতার আন্দোলনের মাধ্যমেই জাতি সব ধরনের বৈষম্যের অপনোদন করে স্বাধীন মত প্রকাশের অধিকার অর্জন করেছে। সব কর্মকর্তা ও কর্মচারীকে অফিসিয়াল কার্যক্রম পরিচালনায় নম্র ও ভদ্রতার পরিচয় রাখার জন্য বলা হচ্ছে।'